মেহেরপুরে বসতবাড়ি থেকে বিপুল পরিমাণ মাদক উদ্ধার

মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে এক ব্যক্তির বাড়ি থেকে বিপুল পরিমাণ নিষিদ্ধ মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে।

পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মেহেরপুর সদর থানাধীন কাথুলি অটো স্ট্যান্ড সংলগ্ন কাশ্যবপাড়া ৫ নম্বর ওয়ার্ড এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানে মো. সেলিমের ছেলে মো. হাবিবুর রহমানের (৩০) বসতঘরে তল্লাশি চালানো হয়।

তল্লাশিকালে শয়নকক্ষের ফ্রিজের কম্প্রেসারের উভয় পাশে লুকানো অবস্থায় Coding Phosphate & Triprolidine Hydrochloride syrup (ESKuf) লেবেলযুক্ত ২১ বোতল এবং Coding Phosphate & Chlorpheniramine Maleate syrup লেবেলযুক্ত আরও ৬ বোতল মাদকদ্রব্য উদ্ধার করা হয়। প্রতি বোতল ১০০ মিলিলিটার হিসেবে মোট ২,৭০০ মিলিলিটার নিষিদ্ধ মাদক জব্দ করা হয়েছে।

অভিযান চলাকালে অভিযুক্ত হাবিবুর রহমানকে বাড়িতে পাওয়া যায়নি। এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

কোটচাঁদপুরে বিপুল পরিমাণ অ্যালকোহলসহ আটক ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এক বিশেষ অভিযানে ১৭৪ বোতল অবৈধ অ্যালকোহলসহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে শহরের মেইন বাসস্ট্যান্ড সংলগ্ন তালসার রোড এলাকায় এই অভিযান পরিচালিত হয়।

গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয়

সহকারী উপ-পরিদর্শক মোহাম্মদ সেলিম রাজা’র নেতৃত্বে একটি চৌকস দল কোটচাঁদপুর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করেন। দুপুর অনুমান ২:০০ ঘটিকার সময় দলটি মেইন বাসস্ট্যান্ডের তালসার রোডস্থ ‘সোনালী হোমিও হল’ নামক একটি চেম্বারে তল্লাশি চালায়।

তল্লাশিকালে বড় কার্টুনের ভিতর লুকানো অবস্থায় ১৭৪ বোতল অ্যালকোহল উদ্ধার করা হয়। প্রতিটি বোতলের গায়ে ১০০ মিলি অ্যালকোহলের লেবেল যুক্ত ছিল। অবৈধভাবে বিক্রির উদ্দেশ্যে এসব মাদক মজুত রাখা হয়েছিল বলে জানা গেছে।

অভিযান চলাকালীন মাদক কেনাবেচার সাথে জড়িত থাকার অপরাধে ঘটনাস্থল থেকে একজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত ব্যক্তি কোটচাঁদপুর আদর্শ পাড়ার আয়নাল হকের ছেলে মোঃ আমিরুল ইসলাম।

উদ্ধারকৃত আলামত: ১৭৪ বোতল অ্যালকোহল, যার আনুমানিক বাজারমূল্য ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা।

গ্রেপ্তারকৃত আসামিকে উদ্ধারকৃত মাদকসহ কোটচাঁদপুর মডেল থানায় সোপর্দ করা হয়েছে। এ ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ২৪(খ) ধারায় একটি মামলা রুজু করা হয়েছে (মামলা নং-০১, তারিখ-০৫/০২/২৬)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, ঝিনাইদহ জেলাকে মাদকমুক্ত করতে এই ধরনের চিরুনি অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।

হরিণাকুণ্ডুতে দেশীয় অস্ত্র ও বিপুল পরিমাণ মাদকসহ নারী গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মাদক ও বিপুল সংখ্যক দেশীয় অস্ত্রসহ তাছলিমা আক্তার(৩৫) নামে এক নারীকে গ্রেফতার করেছে র্যাব-৬। গ্তকাল বুধবার রাত ১টার দিকে হরিণাকুন্ড পৌরসভার চটকাবাড়িয়া

গ্রামের নিজ বাড়ী থেকে তাকে আটক করা হয়। হরিণাকুণ্ডু থানার ওসি (তদন্ত) অসিত কুমার রায় এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত তাছলিমা আক্তার ওই গ্রামের হোসেন আলীর স্ত্রী। র্যাব-৬ এর কম্পানী কমান্ডার এএসপি মেহেদী ইমরান সিদ্দিকী জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার দিবাগত রাত ১টার দিকে হরিণাকুণ্ডু পৌরসভার চটকাবাড়িয়া গ্রামের চিহ্নিত মাদক কারবারী হোসেন আলীর বাড়িতে অভিযান চালানো হয়। হোসেন আলী ওই গ্রামের আব্দুল আজিজের ছেলে।

এ সময় দুই কেজি গাঁজা ও ৮টি রাম দা-সহ বিপুল পরিমাণ দেশীয় অস্ত্রসহ তাছলিমা আক্তারকে গ্রেফতার করে র্যাব-৬।
র্যাবের কর্মকর্তা আরও বলেন, এ ঘটনায় মূল অভিযুক্ত হোসেন আলী পলাতক রয়েছেন। সে এলাকায় দীর্ঘদিন ধরে মাদকের ব্যবসা পরিচালনা করে আসছিল।

পলাতক আসামীকে গ্রেফতারের জন্য অভিযান চলমান রয়েছে। এ ঘটনায় স্থানীয় থানায় মামলা করা হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ওসি (তদন্ত) অসিত কুমার রায় বলেন, র্যাব-৬ এর পক্ষ থেকে হরিণাকুণ্ডু থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে গ্রেফতার নারীকে আদালতে সোপর্দ করা হয়েছে।